AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 21.06.2024 Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবর –

১) আজ আন্তর্জাতিক যোগ দিবস । সারা দেশের সঙ্গে এরাজ্যেও উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে দিনটি পালিত হচ্ছে।

২) রাজ্য সরকার জরুরী ভিত্তিতে বিভিন্ন দফতরের হাতে থাকা জমির তথ্য সংগ্রহের সিদ্ধান্ত নিয়েছে।

৩) ইউ জি সি-র জুন মাসের নেট পরীক্ষায় অনিয়মের অভিযোগে সি বি আই মামলা দায়ের করেছে।

৪) কলকাতা হাইকোর্ট, রাজ্যের সরকারী স্কুলে মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিকস্তরে প্রায় ১ লক্ষ ৬৪ হাজার শিক্ষকের তথ্য প্রকাশ করার নির্দেশ দিয়েছে।

৫) দক্ষিণ পশ্চিম মৌসুমী বায়ু উত্তরবঙ্গে আরো কিছুটা অগ্রসর হয়ে দুই দিনাজপুর এবং মালদার অধিকাংশ এলাকায় পৌঁছেছে।

ooooooooooooooooooooooooooo

আজ আন্তর্জাতিক যোগ দিবস । সারা দেশের সঙ্গে এরাজ্যেও উৎসাহ উদ্দীপনার মধ্যে দিয়ে দিনটি পালিত হচ্ছে।

জাতীয়স্তরে জম্মু-কাশ্মীরের শ্রীনগরে আয়োজিত মূল অনুষ্ঠানটে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নেতৃত্ব দেবেন। এবছরে দিনটির মূল ভাবনা – **“নিজে এবং সমাজের জন্য যোগ”**।

পশ্চিমবঙ্গেও নানা সরকারি বেসরকারি সংস্থা ও সংগঠনের পক্ষ থেকে যোগ দিবস উপলক্ষে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

কলকাতা রাজভবনে যোগ দিবসের অনুষ্ঠানে সেখানকার কর্মীরা ছাড়াও সমাজের বিভিন্ন ক্ষেত্রের বিশিষ্ট ব্যক্তিরা অংশ নিচ্ছেন।

সেন্ট্রাল ব্যুরো অফ কমিউনিকেশনের উদ্যোগে বিধান নগরে যোগ দিবস উপলক্ষে ২০০-র বেশি স্কুল পড়ুয়া অংশ নেবে।

পিআইবি এবং ডিপিডির আধিকারিকরাও ওই অনুষ্ঠানে যোগ প্রদর্শনে উপস্থিত থাকবেন।

আকাশবাণী কলকাতা কেন্দ্রে দিনটি উপলক্ষে এক কর্মশালার আয়োজন করা হয়েছে।

নদীয়ার কৃষ্ণনগরে বি এস এফ-এর পক্ষ থেকে আজ আন্তর্জাতিক যোগ দিবস পালিত হয়, বিএস এফ-এর পদস্থ কর্তা ও জওয়ান ছাড়াও যোগ চর্চায় অংশ নেয় স্থানীয় শঙ্কর মিশন বিদ্যালয়ের ছাত্ররা।

oooooooooooooooooooooo

রাজ্য সরকার জরুরী ভিত্তিতে, বিভিন্ন দপ্তরের হাতে থাকা সব ধরনের জমির তথ্য সংগ্রহের সিদ্ধান্ত নিয়েছে। মুখ্যসচিব ভগবতী প্রসাদ গোপালিকা সব জেলাশাসক ও বিভিন্ন দপ্তরের সচিবদের দ্রুত এই তথ্য সংগ্রহ করে আজকের মধ্যে তা' পাঠানোর নির্দেশ দিয়েছেন। হার্ড কপি হিসেবে অথবা আন্ডারসেক্রেটারির ই-মেইল মারফত ওই তথ্য পাঠাতে হবে।

এদিকে, সরকারি খাস জমি দখল বা দীর্ঘদিন ধরে ফাঁকা ফেলে রাখা যাবে না বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আবারো নির্দেশ দিয়েছেন। নবান্নে গতকাল এক প্রশাসনিক বৈঠকে, মুখ্যমন্ত্রী'ও দ্রুত এ'সংক্রান্ত সর্বশেষ তথ্য পেশ করার নির্দেশ দেন।

হলং বনবাংলোয় অগ্নিকান্ডে অসন্তোষ প্রকাশ করে কিভাবে এই ঘটনা ঘটলো, বন দপ্তরের সচিবের কাছে তিনি তা' জানতে চান।

পথশ্রী প্রকল্পে রাস্তা তৈরি এবং বিভিন্ন পুরসভা ও পুরনিগমে রাস্তা, পানীয় জল ও নিকাশী সংক্রান্ত পরিষেবা নাগরিকরা ঠিকঠাক পাচ্ছেন না, এই সব অভিযোগ নিয়েও মুখ্যমন্ত্রী ক্ষোভ প্রকাশ করেন। সমস্যার সমাধানে পুরনিগমের মেয়র ও পুরসভার চেয়ারম্যানদের আগামী সোমবার তিনি নবান্ন সভাঘরে এক বৈঠকে ডেকেছেন।

গতকালের বৈঠকে, বিভিন্ন সরকারি দপ্তরে বিদ্যুৎ খরচ কমানো এবং সরকারি ও আধা সরকারি অফিসগুলিতে এসি ব্যবহারের ওপর রাশ টানার জন্য মুখ্যমন্ত্রী, আধিকারিকদের নির্দেশ দেন।

oooooooooooooooooooooooo

লোকসভা ভোটের পর রাজ্য প্রশাসনের শীর্ষ স্তরে ফের কিছু রদবদল করা হল। বীরভূমের জেলাশাসক পদে বিধান চন্দ্র রায়কে ফিরিয়ে আনা হয়েছে। ভোট পর্বে তাঁকে সরিয়ে আইএস আধিকারিক শশাঙ্ক শেঠিকে সেখানকার জেলা শাসক

নিযুক্ত করে নির্বাচন কমিশন। গতকাল এক বিজ্ঞপ্তি জারি করে রাজ্যসরকার, বিধান রায়কে ওই পদে ফিরিয়ে এনেছে। শশাঙ্ক শেঠিকে করা হয়েছে পর্যটন উন্নয়ন নিগমের এম ডি।

পুলিশ প্রশাসনের শীর্ষ স্তরেও কিছু রদবদল করা হয়েছে। তিন জেলার পুলিশসুপার বদল হয়েছেন। সুন্দরবন পুলিশ জেলার নতুন সুপার হয়েছেন কোটেশ্বর রাও। অভিজিৎ ব্যানার্জি হয়েছেন পুরুলিয়ার নতুন সুপার । পশ্চিমমেদিনীপুরের নতুন সুপার ধৃতিমান সরকার। মুকেশকে বিধান নগর কমিশনারেটের পুলিশ কমিশনার পদে আনা হয়েছে। ওই পদে থাকা গৌরব শর্মাকে রাজ্য পুলিশের বিশেষ টাস্ক ফোর্সের আই জি পদের দায়িত্বে পাঠানো হয়েছে।

oooooooooooooooooooooo

প্রবীণ কংগ্রেস নেতা, প্রাক্তন কেন্দ্রীয় অর্থমন্ত্রী পি চিদম্বরম গতকাল মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির সঙ্গে দেখা করেন। প্রায় ৪০ মিনিট নবান্নে তাঁদের মধ্যে বৈঠক হয় বলে সূত্রের খবর। গতকাল কলকাতায় এসেই প্রাক্তন অর্থমন্ত্রী নবান্নে যান। তবে বৈঠক নিয়ে সরকারিভাবে কিছু জানানো হয়নি।

যদিও সূত্রের খবর, লোকসভার অধিবেশন শুরু হওয়ার আগে বিরোধী ইন্ডিয়া জোটের ভবিষ্যত কর্মপন্থা দু'পক্ষের মধ্যে আলোচনা হয়েছে বলে মনে করা হচ্ছে। বিশেষ করে আসন্ন অধিবেশনে বিরোধীদের কক্ষ সমন্বয়ের বিষয়টি গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। তার প্রেক্ষিতে এই বৈঠক তাৎপর্যপূর্ণ।

oooooooooooooooooooooooooo

গণ আন্দোলন করেই এরাজ্যে তৃণমূল কংগ্রেস এবং বিজেপি-র বাইনারী ভাঙতে হবে বলে সি পি আই এম-এর সাধারণ সম্পাদক সীতারাম ইয়েচুরি মন্তব্য করেছেন। লোকসভা নির্বাচনে দলের ফলাফল পর্যালোচনা করার জন্য রাজ্য কমিটির

দু-দিনের বৈঠকের শেষে গতকাল এক প্রশ্নের উত্তরে, ইয়েচুরি বলেন, এরাজ্যে নির্বাচনী প্রচার অত্যন্ত সন্তোষজনক হয়েছে। জনতার দাবি নিয়েই আন্দোলন চালিয়ে যাবে বামপন্থীরা। নীট দুর্নীতি এবং ফসলের সহায়ক মূল্য বৃদ্ধি নিয়ে সরকারকে জবাব দিতে হবে বলেও তিনি মত প্রকাশ করেন।

দলের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম বলেন, এরাজ্যের বাম-কংগ্রেস জোটকে শুধুমাত্র বিজেপি বা তৃণমূলের বিরুদ্ধে নয়, লড়াই করতে হয়েছে পেশী শক্তি, অর্থ শক্তি এবং মিডিয়ার বিরুদ্ধেও।

oooooooooooooooooooooo

ইউ জি সি-র জুন মাসের নেট পরীক্ষায় অনিয়মের অভিযোগে সিবিআই মামলা দায়ের করেছে। শিক্ষা দফতরের সচিবের কাছ থেকে পাওয়া অভিযোগের ভিত্তিতে অজ্ঞাত পরিচয়ের কিছু ব্যক্তির বিরুদ্ধে এই মামলা রুজু করা হয়েছে। এবারের নেট পরীক্ষার অস্বচ্ছতা নিয়ে ইউ জি সি-র কাছে অভিযোগ আসে। এরপরই ১৮-ই জুনের ওই পরীক্ষা বাতিল করে সিবিআই তদন্তের নির্দেশ দেয় কেন্দ্র।

এদিকে, কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান জানিয়েছেন, ন্যাশনাল টেস্টিং এজেন্সি বা এন টি এ সংক্রান্ত ইস্যুগুলির বিষয়ে সরকার একটি উচ্চ পর্যায়ের কমিটি গঠন করবে। পরীক্ষার নিয়ম, স্বচ্ছতা এবং তথ্য সুরক্ষিত রাখা সহ বিভিন্ন বিষয়ে এই কমিটি মতামত দেবে। মেডিকেলের সর্ব ভারতীয় প্রবেশিকা নীট এবং ইউ জি সি - নেট পরীক্ষায় অনিয়মের কথা উল্লেখ করে সরকারের তরফ থেকে দায় স্বীকার করেছেন শ্রী প্রধান। ছাত্র-ছাত্রীদের ভবিষ্যতের সঙ্গে কোন প্রকার আপোষ করা হবে না বলেও তিনি জানান।

oooooooooooooooooooo

ঔপনিবেশিক আমলে চালু হওয়া ভারতীয় দন্ড বিধি, ভারতীয় সাক্ষ্য আইন এবং ফৌজদারি কার্যবিধি, যা ১৯৭৩ সালে সংশোধিত হয়ে ক্রিমিনাল procedure কোড হিসেবে পরিচিত হয়ে আসছে, এগুলো সব বাতিল হয়ে আগামী পয়লা জুলাই থেকে চালু হতে চলেছে ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম এবং ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা। দেশের মানুষকে দ্রুত, নির্দিষ্ট সময়সীমার মধ্যে নির্ভুল বিচার দেওয়াই এই তিনটি আইনের লক্ষ্য বলে কেন্দ্রীয় সরকার জানিয়েছে।

ভারতীয় ন্যায় সংহিতা BNS নিয়ে আকাশবানী কলকাতার সংবাদ বিভাগ আজ রাত ৯'টা ৪৫-মিনিটে, একটি বিশেষ আলোচনা সম্প্রচার করবে। কলকাতা হাইকোর্টের আইনজীবী ও ভারত সরকারের ডেপুটি সলিসিটর জেনেরাল ধীরাজ কুমার ত্রিবেদীর সঙ্গে কথা বলবেন শঙ্কর মুখোপাধ্যায়।

আলোচনা অনুষ্ঠানটি একযোগে আকাশবাণী কলকাতার গীতাঞ্জলি, ১০৭ মেগাহার্টজ এবং DTH প্রচার তরঙ্গে শোনা যাবে।

oooooooooooooooooooooooo

কলকাতা হাইকোর্ট রাজ্যের সরকারী স্কুলে মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিকস্তরে প্রায় ১ লক্ষ ৬৪ হাজার শিক্ষকের তথ্য প্রকাশ করার নির্দেশ দিয়েছে। ভুয়ো শিক্ষক সংক্রান্ত মামলায় গতকাল বিচারপতি বিশ্বজিৎ বসু ওই সব শিক্ষকের এবং স্কুলের নাম, অবসরের বয়স সহ যাবতীয় তথ্য ২ সপ্তাহের মধ্যে বাংলা শিক্ষা পোর্টালে প্রকাশ করার নির্দেশ দেয়।

উল্লেখ্য, সোমা রায় নামে এক কর্মশিক্ষার শিক্ষিকা পদে চাকরি প্রার্থীর মামলায় বিষয়টি সামনে আসে। এই মামলায় ৭ জন ভুয়ো শিক্ষকের নাম উঠে এসেছিল। ইতিমধ্যেই ২ জনকে চিহ্নিত করা গেছে।

oooooooooooooooooooooooooo

কলকাতা হাইকোর্টের রায়ে নির্মীয়মাণ জোকা- বিবাদী বাগ মেট্রো রেল প্রকল্প নিয়ে জট কেটেছে। এই প্রকল্পের জন্য গাছ কাটার বিরোধিতা করে যে জনস্বার্থ মামলা দায়ের হয়েছিল, তা হাইকোর্ট খারিজ করে দিয়েছে। প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চ জানিয়েছেন, পরিবেশ রক্ষায় মেট্রো-র কোন পরিকল্পনা নেই বলে যে অভিযোগ করা হয়েছে, তা ঠিক নয়। এরফলে মোমিনপুর থেকে ধর্মতলা পর্যন্ত মেট্রোর কাজ ফের শুরু করতে পারবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।

উল্লেখ্য, ময়দান এলাকায় মেট্রোর কাজের জন্য ভিক্টোরিয়ার সামনে ৭-শো গাছ কাটা হয়েছে, এবং আগামীতে তা হবে বলে আশঙ্কা করে হাইকোর্টে মামলা দায়ের হয়। অন্তর্বর্তী নির্দেশের ফলে ২০২৩-এর অক্টোবর থেকে কাজ বন্ধ ছিল।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিভিন্ন দাবি দাওয়া নিয়ে কোচবিহার এম জে এন মেডিকেল কলেজ ও হাসপাতালের অধ্যক্ষ ডক্টর নির্মল কুমার মন্ডলকে রাতভর আটকে রেখে বিক্ষোভে সামিল হয় ডাক্তারি পড়ুয়ারা । ছাত্রছাত্রীদের অভিযোগ, মেডিকেল কলেজের পরিকাঠামোগত উন্নয়ন করছেন না অধ্যক্ষ। বিকেল চারটে নাগাদ অধ্যক্ষের আশ্বাসে ঘেরাও তুলে নেওয়া হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য পুলিশের special task force - এসটিএফ নদীয়া জেলার বেথুয়াডহরী থানা এলাকা থেকে পঞ্চাশ লক্ষ টাকা মূল্যের আটশো গ্রাম ব্রাউন সুগার বাজেয়াপ্ত করেছে, উদ্ধার হয়েছে আরো তিন লক্ষ টাকা। গ্রেপ্তার দুজন মাদক পাচারকারী। গতকাল STF নাকাশিপাড়া থানার পুলিশ সহ বেথুয়াডহরী রেল স্টেশনের পিছন দিক থেকে ওই দুজনকে মাদকসহ আটক করে। এরমধ্যে ৫৫ বছরের নিকুঞ্জ সরকার রেজিনগরের আর ৪০ বছরের আকাশ খান বারুইপুরের বাসিন্দা । নাকাশী পাড়া থানায় এদের নামে একটি মামলা রুজু হয়েছে।

oooooooooooooooooooooooooo

বাঁকুড়ার খাতড়া থানার রতনপুর এলাকায় গতকাল স্থানীয় জোড় খালের ওপর চেক ড্যাম তৈরীর সময় মাটিতে ধস নেমে এক মহিলা শ্রমিকের মৃত্যু হয়েছে। নিয়তি মান্ডি নামে ঐ শ্রমিকের বাড়ি স্থানীয় হিড়বাঁধ থানার যাদুরবনকাটা গ্রামে। মাটি চাপা পড়ে গুরুতর জখম হয়েছেন আরও দুজন মহিলা শ্রমিক।

তাঁদের প্রথমে খাতড়া মহকুমা হাসপাতালে ও পরে বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠানো হয়।

উল্লেখ্য, প্রশাসনের উদ্যোগে নদী সংলগ্ন পাড়ের মাটি কেটে চেক ড্যাম তৈরীর কাজ করছে বরাত পাওয়া এক ঠিকাদার সংস্থা। দুর্ঘটনার পর মৃত ও হতাহতদের পরিবারকে উপযুক্ত ক্ষতিপূরণ দেওয়ার দাবীতে মৃতদেহ আটকে রেখে বিক্ষোভে সামিল হন তাঁদের পরিবারের লোকজন সহ স্থানীয়েরা । বেশ কিছুক্ষণ বিক্ষোভ চলার পর প্রশাসনিক আধিকারিকেরা ঘটনাস্থলে গিয়ে ক্ষতিপূরণের আশ্বাস দিলে বিক্ষোভ তুলে নেওয়া হয়।

oooooooooooooooooooooooooo

দক্ষিণ পশ্চিম মৌসুমী বায়ু উত্তরবঙ্গে আরো কিছুটা অগ্রসর হয়ে দুই দিনাজপুর এবং মালদার অধিকাংশ এলাকায় পৌঁছেছে। এর ফলে উত্তরবঙ্গের বিভিন্ন জেলায় ভারী বৃষ্টি হচ্ছে।

অন্যদিকে, পূর্ব বিহারের ওপর সৃষ্ট ঘূর্ণাবর্তের প্রভাবে বঙ্গোপসাগর থেকে প্রচুর পরিমাণে জলীয় বাষ্প বাতাসে প্রবেশ করছে। এর জেরে

দক্ষিণবঙ্গের কিছু অংশেও বর্ষার অনুকূল পরিস্থিতি তৈরী হয়েছে। গতকাল কলকাতা সহ দক্ষিণবঙ্গের প্রায় সমস্ত জেলাতেই প্রাক্ বর্ষার ঝড়-বৃষ্টি হয়। বেশিরভাগ অংশেই আজ-কালের মধ্যে বর্ষা প্রবেশ করবে বলে

আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।

গতকাল দুপুর থেকেই বৃষ্টির ফলে স্বস্তি পেয়েছেন দক্ষিণবঙ্গবাসী। কলকাতায় গতকাল সর্বোচ্চ তাপমাত্রা এক ধাক্কায় ২ দশমিক ৮ ডিগ্রী কমে ৩৫ দশমিক ৮ ডিগ্রী সেলসিয়াসে দাঁড়িয়েছে।

এদিকে, গতকাল বৃষ্টির সময় দুই জেলায় বাজ পড়ে ২ জনের মৃত্যু হয়েছে।

দক্ষিণ ২৪ পরগণার ক্যানিং-এর তালাদির শিবনগরে ফুটবল খেলার সময় মাঠে বাজ পড়লে এক কিশোর গুরুতর আহত হয়। সাফিক মোল্লা নামে ১৬ বছরের ওই কিশোরকে ক্যানিং মহকুমা হাসপাতালে নিয়ে গেলে মৃত ঘষণা করা হয়।

এদিকে, পশ্চিম মেদিনীপুরের চন্দ্রকোনার বারুনি গ্রামে, জমিতে চাষ করার সময় বজ্রাঘাতে চঞ্চল দাস নামে এক কৃষক প্রাণ হারান।

oooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooo